

বাংলাদেশ তীত বোর্ড

বিটিএমসি ভবন(৫ম তলা)

৭-৯, কাওরান বাজার

ঢাকা-১২১৫।



নং- ২৪.০৫.০০০০.৫১৩.৩২.৩৫৬.১৭- ৭০৩

তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৭ বাংলা।
১৪ অক্টোবর ২০২০ খ্রিঃ।

জনাব মোঃ সোলায়মান হোসেন
পদবীঃ “ইন্সট্রাক্টর (ডিজাইনার)”
পিতাঃ মোঃ আরশাদ আলী
গ্রামঃ মহাদেবপুর, পোঃ এস, বাঁকড়া
উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।

বিষয়ঃ ইস্তফাপত্র গ্রহণ প্রসংগে।


অত্র বোর্ডের ১৩.০৭.২০১৭ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০৪৯.১৬-২৮৬ নং স্মারকমূলে আপনাকে “ইন্সট্রাক্টর (ডিজাইনার)” পদে নিয়োগ দেয়া হয়। আপনি ২৪.০৭.২০১৭ তারিখে যোগদান করেন। আপনি বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)-এ “বিশেষজ্ঞ” পদে চাকুরী হওয়ায় উক্ত প্রতিষ্ঠানে যোগদানের নিমিত্ত ১৪.১০.২০২০ তারিখ অপরাহ্ন হতে ইস্তফাপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

বাংলাদেশ তীত বোর্ড কর্মচারী চাকুরী প্রবিধানমালা’২০১১ এর ৫১ ধারার ১নং উপ-ধারায় ইস্তফা সম্পর্কে নিম্নরূপ উল্লেখ রয়েছেঃ

“(১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায়, উল্লেখপূর্বক ০৩ (তিন) মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বোর্ডকে তাহার ০৩ (তিন) মাসের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

“ইন্সট্রাক্টর (ডিজাইনার)” পদে আপনার চাকুরী স্থায়ী হওয়ায় বাতীবো কর্মচারী চাকুরী প্রবিধানমালা’১১ এর ৫১ (১) নং উপধারা অনুযায়ী ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (২৮,১০০×৩) = ৮৪,৩০০/- (চুরাশি হাজার তিনশত) টাকা ক্ষতিপূরণ হিসেবে জমা দেয়ার শর্তে ইস্তফাপত্র গ্রহণের বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

এমতাবস্থায়, বোর্ডের অর্থ ও হিসাব বিভাগে ক্ষতিপূরণ হিসেবে ০৩ (তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ (২৮,১০০×৩) = ৮৪,৩০০/- (চুরাশি হাজার তিনশত) টাকা জমা দেয়ার জন্য আপনাকে বলা হলো।


মোঃ আহসান হাবিব
সচিব

ফোনঃ ৫৮১৫২৮৯৮

E-mail: secretary@bhb.gov.bd

অনুলিপিঃ

১-২। সদস্য (ওএন্ডএম/অর্থ), বাতীবো, ঢাকা।

৩। অধ্যক্ষ, বাতীশিপ্রই, নরসিংদী।

✓ ৪। নির্বাহী প্রকৌশলী ও আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতীবো, ঢাকা।

(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। সিনিয়র সিস্টেম অফিসার/সিনিয়র কর্মকর্তা, বাতীবো, ঢাকা।